


(Que 01)



নিচের ঘরগুলোতে ৭টি এক অঙ্কবিশিষ্ট সংখ্যা এমনভাবে সাজানো হলো, যেন একই রেখা বরাবর ৩টি ঘরের সংখ্যার গুণফল সমান হয়। '?' ঘরের সংখ্যাটি কত?

In the diagram below, 7 single-digit numbers are arranged in such a way that the product of the 3 numbers along the same line is equal. What is the number in the '?' box?

(Que 02) পাঁচ অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 18 এবং 24 দিয়ে ভাগ করলে যথাক্রমে 5 এবং 11 অবশিষ্ট থাকবে?

Find the least number of five digits which when divided by 18 and 24 leaves 5 and 11 respectively as remainders

(que:03) একজন কৃষকের চারটি জমি আছে যেগুলোর ক্ষেত্রফলের অনুপাত ১ম:২য়:৩য়:৪র্থ = 2:3:4:7. ঐ কৃষক ১ম, ২য় এবং ৩য় জমিতে যথাক্রমে ক্ষেত্রফলের 4:1, 2:3 এবং 3:2 অনুপাতে ধান এবং পাট আবাদ করল; ৪র্থ জমির সম্পূর্ণটিতেই ধান আবাদ করল। সবগুলো জমি একসাথে বিবেচনা করলে ধান এবং পাট আবাদকৃত জমির ক্ষেত্রফলের অনুপাত কত?

A farmer has has four plots whose areas are in the ratio 1st: 2nd: 3rd: 4th = 2:3:4:7. He planted both paddy and jute in 1st, 2nd, and 3rd plots respectively in the ratios 4:1, 2:3 and 3:2 in terms of areas and he planted only paddy in the 4th plot. Considering all the plots at time find the ratio of areas in which paddy and jute are planted.

(que:04) একটি ধারা 1, -1, -1, -1, ... এটি এভাবে গঠিত হয়েছে যে প্রথম দুটি পদ হলো 1 এবং -1। এর পর থেকে প্রত্যেকটি পদ হলো তাদের পূর্ববর্তী দুইটি পদের গুণফলের সমান। ধারার প্রথম 2013টি পদের যোগফল কত?

A sequence 1, -1, -1, -1, ... is formed such that the first two terms are 1 and -1. Thereafter, each term is the product of its two preceding terms. What is the sum of the first 2013 terms of the sequence?

(Que:05) বিন্দু নির্জনাকে তিন অঙ্কের একটি সংখ্যা বলল, যার অঙ্কগুলোর গুণফল 45। বিন্দুর বলা সংখ্যাটির সর্বনিম্ন যে মান সম্ভব সেই সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল কত?

Bindu told Nirjona a three-digit number, the product of whose digits is 45. For the smallest possible value of the number Bindu mentioned, what is the sum of its digits?

(Que:06) দুটি স্বাভাবিক সংখ্যার গুণফল 2022 হলে, উক্ত সংখ্যাদ্বয়ের পার্থক্য সর্বনিম্ন কত হতে পারে?

If the product of two natural numbers is 2022, what is the minimum possible difference between these two numbers?

(Que:06) একটি কোণের মান  $54 - n$  ডিগ্রী যেখানে  $n$  একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা। ঐ কোণের সম্পূরক কোণের মান কত ডিগ্রী?

If an angle measures  $54 - n$  degrees and  $n$  is not equal to zero. What is the degree measure of the supplement of this angle?

(Que:07) একটি ত্রিভুজের বাহুগুলির দৈর্ঘ্য ক্রমিক পূর্ণসংখ্যা ও পরিসীমা 42। ঐ ত্রিভুজের ক্ষেত্রফল কত?

The lengths of the sides of a triangle are 3 consecutive integers. If its perimeter is 42, what is its area?


(Que:07)  $7! + 8! + 9!$  সংখ্যাটি  $3^a$  দ্বারা বিভাজ্য। 'a'-এর সর্বোচ্চ মান কত?

The number  $7! + 8! + 9!$  is divisible by  $3^a$ . What is the maximum value of 'a'?

(Que:08) যে ক্ষুদ্রতম ধনাত্মক পূর্ণসংখ্যাটির সবগুলো অঙ্কের যোগফল 2019, তার সর্ববামের অঙ্কটি কী?

What is the leftmost digit of the smallest positive integer whose sum of all digits is 2019?

(Que:09)



একটি দ্বীপের পতাকা আয়তাকার এবং পার্শ্বদ্বয়ের অনুপাত 3:5। নিচের চিত্রের মতো পতাকাটি চারটি সমান ক্ষেত্রফলবিশিষ্ট আয়তক্ষেত্রে বিভক্ত। সাদা রঙের আয়তক্ষেত্রের পার্শ্বদ্বয়ের অনুপাত কত?

The flag of an island is rectangular with a side ratio of 3:5. As shown in the figure below, the flag is divided into four rectangles of equal area. What is the ratio of the sides of the white rectangle?

(Que:10) 20-তম মৌলিক সংখ্যা 71 হলে 27-তম মৌলিক সংখ্যা কত?

If the 20th prime number is 71, what is the 27th prime number?


(Que:11)  $6x+10y=21$  এবং  $10x+6y=91$ , হলে  $x+y$ -এর মান কত?

$6x+10y=21$  and  $10x+6y=91$ , what is the value of  $x+y$ ?

(Que:12) সবচেয়ে বেশি সংখ্যক কতোগুলি ব্যাগে 17টি মার্বেল এমনভাবে রাখা যাবে যে, প্রতিটি ব্যাগে অবশ্যই কমপক্ষে 1টি করে মার্বেল থাকবে এবং কোনো দু'টি ব্যাগে সমান সংখ্যক মার্বেল থাকবে না?

What is the greatest number of bags that can be used to hold 17 marbles if each bag must contain one marble but no two bags may contain the same number of marbles?


(Que:13)



চিত্রের পঞ্চভুজটিতে বিভক্ত চারটি ত্রিভুজের পরিসীমা সমান। ABC একটি সমবাহু ত্রিভুজ। AEF, DFE, CDF সমদ্বিবাহু ত্রিভুজ এবং এরা পরস্পর সর্বসম হলে, পঞ্চভুজ ABCDE ও ত্রিভুজ ABC-এর পরিসীমার অনুপাত কত?

In the pentagon in the figure, the perimeters of the four triangles it is divided into are equal. ABC is an equilateral triangle. If AEF, DFE, and CDF are isosceles triangles and they are congruent to each other, what is the ratio of the perimeter of the pentagon ABCDE to the perimeter of the triangle ABC?

(Que:14)



একটি সিলিন্ডার আকৃতির চৌবাচ্চার উচ্চতা 15 cm এবং এর ভূমির পরিধি 30 cm। একটি পিঁপড়া A বিন্দু থেকে B বিন্দুর উদ্দেশ্যে যাত্রা শুরু করল। যাত্রাপথে কিছু সময় সে লম্বালম্বিভাবে চলে এবং বাকি সময় ভূমির সমান্তরালে চলে। A বিন্দু থেকে B পৌঁছাতে পিঁপড়াটি মোট কত দূরত্ব অতিক্রম করেছে?

The height of a cylindrical tank is 15 cm and the circumference of its base is 30 cm. An ant starts its journey from point A towards point B. On its way, it moves vertically for some time and parallel to the base for the rest of the time. What is the total distance the ant traveled to reach point B from point A?

(Que:15) নিউটন বিশ্ববিদ্যালয়ে সকল অ্যাথলেটের 33% স্নাতক শিক্ষার্থী। আবার স্নাতক শিক্ষার্থীদের 3% হল অ্যাথলেট। যদি 67 জন অ্যাথলেট স্নাতক শিক্ষার্থী না হয়, তবে মোট কতোজন স্নাতক শিক্ষার্থী অ্যাথলেট নয়?

At Newton University, 33% of all athletes are honor students and 3% of all honor students are athletes. Given that 67 athletes are not honor students, how many honor students are not athletes?

(Que:16) একটি অনুষ্ঠানের মোট উপস্থিতির এক-তৃতীয়াংশ মহিলা, এক-চতুর্থাংশ বালিকা, এক-ষষ্ঠাংশ পুরুষ ও 6 জন বালক। অনুষ্ঠানে মোট কতোজন উপস্থিত ছিল?

1/3 of the people at a party were women, 1/4 were girls, 1/6 were men and 6 were boys. How many were at this party?


(Que:17) এমন কতগুলো 2021 থেকে ছোট সংখ্যা আছে, যাদের 6, 7, 8, 9 দিয়ে ভাগ করলে প্রতি ক্ষেত্রে ভাগশেষ 5 অবশিষ্ট থাকে?

How many numbers less than 2021 are there which, when divided by 6, 7, 8, and 9, leave a remainder of 5 in each case?

(Que:18) নেহার কাছে একটি স্পেশাল সংখ্যা আছে। সে সংখ্যাটি থেকে 1/10 বিয়োগ করলে যা পায়, 1/10 গুণ করলেও তা-ই পায়। সংখ্যাটি কী?

Neha has a special number. If she subtracts 1/10 from the number, she gets the same result as when she multiplies it by 1/10. What is the number?

(Que:19)



চিত্রের ছোট বর্গের ক্ষেত্রফল  $16\text{cm}^2$  এবং কালো অংশের ক্ষেত্রফল  $1\text{cm}^2$  হলে, বড় বর্গের ক্ষেত্রফল কত  $\text{cm}^2$ ?

In the figure, if the area of the small square is  $16\text{ cm}^2$  and the area of the black part is  $1\text{ cm}^2$ , what is the area of the large square in  $\text{cm}^2$ ?

(Que:20) কোন সংখ্যার দ্বিগুন তার অর্ধেকের চেয়ে 42 বেশি?

There is a number whose double is greater than its half by 42. Find the number?

(Que:21) একটি পণ্যের মূল্য 20% শতাংশ হ্রাস করা হল। এখন আবার পূর্বের মূল্য নির্ধারণ করতে হলে বর্তমান মূল্য কত শতাংশ বাড়তে হবে?

After a price reduction of 20% an item has its price increased to its original value. What was the percent of the increase?

(Que:22) একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 2, 4 ও 6। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

Find the area of a triangle the three arms of whose are 2, 4 and 6?

(Que:23) যেসব ধনাত্মক পূর্ণসংখ্যার 1, 2 এবং ওই সংখ্যাটি নিজে ছাড়া আর কোনো গুণনীয়ক থাকে না, তাদেরকে আমরা টু-প্রাইম সংখ্যা বলি। এমন কতগুলো টু-প্রাইম সংখ্যা আছে?

We call those positive integers that have no other factors besides 1, 2, and the number itself, 'Two-Prime' numbers. How many such Two-Prime numbers are there?

(Que:24) X হলো 2023 অঙ্কবিশিষ্ট সংখ্যা যার প্রত্যেকটি অঙ্ক 1। এখন Xকে 1111 দিয়ে গুণ করলে নতুন যেই সংখ্যাটি পাওয়া যাবে, তার অঙ্কগুলোর যোগফল কত হবে?

X is a 2023-digit number where every digit is 1. If X is multiplied by 1111, what will be the sum of the digits of the new number that is obtained?

(Que:25) নেহা একই সঙ্গে 5টি ছক্কা নিক্ষেপ করে দেখল, প্রাপ্ত সংখ্যাগুলোর যোগফল 19। সে সর্বোচ্চ কয়টা ছক্কাতে 6 পেতে পারত?

Neha rolls 5 dice at the same time and sees that the sum of the numbers obtained is 19. At most, on how many dice could she have gotten a 6?

(Que:26) If  $126 \times 126 = 7 \times 7 \times n^2$ , find n.

(Que:27) একটি ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সেমি ও 14 সেমি। যদি এর পরিসীমা একটি পূর্ণ সংখ্যা হয় তাহলে সম্ভাব্য বৃহত্তম ও ক্ষুদ্রতম পরিসীমার মধ্যে পার্থক্য কত ?

The lengths of the sides of a triangle are 7 cm and 14 cm. If the number of centimeters in the perimeter is a whole number, what is the positive difference between the greatest and the least possible of perimeters?

(Que:28) রীমা ও সুজন একমাইল দূর থেকে পরস্পরের দিকে দৌড়াতে শুরু করলো। রীমা ও সুজনের গতিবেগ যথাক্রমে ঘন্টায় 9 মাইল ও 3 মাইল। কতো মিনিট পর ওরা মিলিত হবে?

Reema and Sujun depart in opposite direction on a one mile track. They are going 9mph and 3mph respectively. In how many minutes will they meet?

(Que:29) শুভ তার গ্রামের প্রতিটি পরিবারে গড় বাচ্চার সংখ্যা হিসাব করছে। শুভর গ্রামে 5টি পরিবার বসবাস করে। তাহলে ভেবে বলো তো, তার গণনা কত কখনোই হবে না?

Shuvo is calculating the average number of children per family in his village. There are 5 families living in Shuvo's village. Which of the following values can his calculation never be?

(A) 1 (B) 1.2 (C) 1.3 (D) 1.4 (E) 2.0

(Que:30) যদি  $x \times y = 14$ ,  $y \times z = 10$  এবং  $z \times x = 35$  হয় তবে  $x + y + z$ -এর মান কত? যখন, x, y, z প্রত্যেকেই ধনাত্মক পূর্ণসংখ্যা।

If  $x \times y = 14$ ,  $y \times z = 10$ , and  $z \times x = 35$ , then what is the value of  $x + y + z$ , where x, y, and z are all positive integers?

(Que:31) ওয়াসি অলোকে একটি সংখ্যা বলবে, যেন সংখ্যাটির অঙ্কগুলোর গুণফল 24 হয়। তাহলে ওয়াসি সর্বনিম্ন যে সংখ্যাটি বলবে, তার অঙ্কগুলোর যোগফল কত হবে?

Wasi tells Alok a number such that the product of its digits is 24. For the smallest number that Wasi could tell, what is the sum of its digits?

(Que:32) একটি ধারা 2, 3, 6, 8, 8,... এটি এভাবে গঠিত হয়েছে যে প্রথম দুটি পদ হলো 2 ও 3। এরপর থেকে প্রত্যেকটি পদ হলো তাদের পূর্ববর্তী দুইটি পদের গুণফলের একক স্থানীয় অঙ্ক। এবার বলো তো, 2017তম পদটি কত হবে?

A sequence is formed as 2, 3, 6, 8, 8,... Its first two terms are 2 and 3. After that, each term is the units digit of the product of its two preceding terms. Now tell me, what will be the 2017th term?

(Que:33) : যদি তিনটি ভিন্ন ভিন্ন ধনাত্মক পূর্ণসংখ্যার যোগফল 7 হয়, তাহলে তাদের মধ্যে যেকোনো একটি সংখ্যার মান সর্বোচ্চ কত হতে পারে?

If the sum of three different positive integers is 7, then what is the maximum possible value of any one of those numbers?

(Que:34) তুমি দেখলে যে একটি ত্রিভুজের তিনটি কোণের মান ভিন্ন ভিন্ন। এবার বলো তো, যেকোনো দুইটি কোণের মান সর্বনিম্ন কত হতে পারে?

You observed that the values of the three angles of a triangle are all different. Now tell me, what is the minimum possible sum of any two angles?

(Que:35) একটা বনভোজনে যতজন অংশগ্রহণ করেছে, তাদের 6 ভাগের 1 ভাগ হলো বাংলাদেশি, বাকিরা ভারতীয়। আবার ভারতীয়দের মধ্যে 5 ভাগের 2 ভাগ মানুষ দিল্লিতে বাস করে। বাকিরা কলকাতায়। যদি মোট বনভোজনে উপস্থিত মানুষের সংখ্যা 100 হয়, তাহলে কলকাতার মানুষ কতজন?

In a picnic,  $\frac{1}{6}$ th of the total participants are Bangladeshi, and the rest are Indian. Among the Indians,  $\frac{2}{5}$ th live in Delhi. The rest live in Kolkata. If the total number of people present at the picnic is 100, then how many people are from Kolkata?

(Que:36) একটি কোণের মান  $55-n$  ডিগ্রি, যেখানে  $n$  একটি ধনাত্মক পূর্ণসংখ্যা। ঐ কোণের সম্পূরক কোণের মান কত ডিগ্রি?

If an angle measures  $55-n$  degrees and  $n$  is not equal to zero. What is the degree measure of the supplement of this angle?

(Que:37) একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 4, 8, ও 12। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

Find the area of a triangle the three arms of whose are 4, 8 and 12?

(Que:38) 20-তম মৌলিক সংখ্যা 71 হলে 26-তম মৌলিক সংখ্যা কত?

If the 20th prime number is 71, what is the 26th prime number?

(Que:39)  $6x + 10y = 21$  এবং  $10x + 6y = 91$ , হলে  $x + y$ -এর মান কত?

$6x + 10y = 21$  and  $10x + 6y = 91$ , what is the value of  $x + y$ ?

(Que:40) একটি রাগবি দল আগের মৌসুমে তাদের সপ্তম, অষ্টম ও নবম ম্যাচে যথাক্রমে 24, 17 ও 25 পয়েন্ট অর্জন করেছিল। তাদের প্রথম 6টি ম্যাচের তুলনায় 9টি ম্যাচের পরে প্রতি ম্যাচে গড় পয়েন্ট বেশি ছিল। 10 ম্যাচ পর তাদের গড় পয়েন্ট ছিল 22-এর বেশি। তাহলে দশম ম্যাচে তারা সর্বনিম্ন কত পয়েন্ট অর্জন করেছিল?


A rugby team scored 24, 17, and 25 points in their seventh, eighth, and ninth matches respectively in the previous season. Their average points per match after 9 matches was higher than after the first 6 matches. After 10 matches, their average points were more than 22. So, what was the minimum number of points they scored in the tenth match?

(Que:41) তোমার ঘড়িতে যদি এখন বিকেল 5টা বাজে, তাহলে এখন থেকে 17 ঘণ্টা পর তোমার ঘড়িতে কয়টা বাজবে?

If it is now 5 PM on your clock, then what time will it be on your clock 17 hours from now?

(Que:42) রিতু কাগজের দুটি ছোট টুকরোতে দুটি ক্রমিক সংখ্যা লিখল। এরপর সে সেই দুটি কাগজের টুকরো তিনটি মুদ্রার সামনে ও পেছনে আটকে দেয়। তারপর তিন বার কয়েনগুলো নিক্ষেপ করে। প্রথম নিক্ষেপের পর 6, 7, 8 নম্বরগুলি উপরে ছিল (ডায়াগ্রাম দেখাও), যা রিতু তখন লাল রঙে রঙ করেছিল। দ্বিতীয় নিক্ষেপের পর উপরের সংখ্যার যোগফল ছিল 23 এবং তৃতীয় নিক্ষেপের পর যোগফল হয় 17। তাহলে তিনটি সাদা কাগজে সংখ্যার যোগফল সর্বোচ্চ কত হতে পারে?"

Ritu wrote two consecutive numbers on two small pieces of paper. Then she attached these two pieces of paper to the front and back of three coins. Then she tossed the coins three times. After the first toss, the numbers 6, 7, 8 were on top (show diagram), which Ritu then colored red. After the second toss, the sum of the top numbers was 23, and after the third toss, the sum was 17. So, what can be the maximum possible sum of the numbers on the three white papers?



(Que:43) সবচেয়ে বেশি সংখ্যক কতটি ব্যাগে 17টি মার্বেল এমনভাবে রাখা যাবে যে, প্রতিটি ব্যাগে অবশ্যই কমপক্ষে 1টি করে মার্বেল থাকবে এবং কোনো দুটি ব্যাগে সমান সংখ্যক মার্বেল থাকবে না?

What is the greatest number of bags that can be used to hold 17 marbles if each bag must contain one marble but no two bags may contain the same number of marbles?

(Que:44) নিউটন বিশ্ববিদ্যালয়ে সকল অ্যাথলেট 33% স্নাতক শিক্ষার্থী। আবার স্নাতক শিক্ষার্থীদের 3% হল অ্যাথলেট। যদি 67 জন অ্যাথলেট স্নাতক শিক্ষার্থী না হয়, তবে মোট কতজন স্নাতক শিক্ষার্থী অ্যাথলেট নয়?

At Newton University, 33% of all athletes are honor students and 3% of all honor students are athletes. Given that 67 athletes are not honor students, how many honor students are not athletes?

(Que:45) একটি অনুষ্ঠানে মোট উপস্থিতির এক-তৃতীয়াংশ মহিলা, এক-চতুর্থাংশ বালিকা, এক-ষষ্ঠাংশ পুরুষ ও 6 জন বালক। অনুষ্ঠানে মোট কতজন উপস্থিত ছিল?

1/3 of the people at a party were women, 1/4 were girls, 1/6 were men and 6 were boys. How many were at this party?



(Que:46) রীমা ও সুজন একমাইল দূর থেকে পরস্পরের দিকে দৌড়াতে শুরু করলো। রীমা ও সুজনের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় 9 মাইল ও 3 মাইল। কত মিনিট পর ওরা মিলিত হবে?


Reema and Sujun depart in opposite direction on a one mile track. They are going 9mph and 3mph respectively. In how many minutes will they meet?

(Que:46) কোন সংখ্যা ভিন্ন তার অর্ধেকের চেয়ে 42 বেশি?

There is a number whose double is greater than its half by 42.

(Que:47) তাসনোভা নিচের চিত্রের খালি জায়গাতে 1 থেকে 9 নম্বরগুলো লিখতে চায়, যেন পাশাপাশি দুটি সংখ্যার গুণফল 15-এর বেশি না হয়। এখন ফাঁকা জায়গাগুলো পূরনে তাসনোভার জন্য কতগুলো উপায় আছে?

Tasnova wants to write numbers from 1 to 9 in the empty spaces of the figure below, such that the product of any two adjacent numbers is not more than 15. Now, how many ways are there for Tasnova to fill the empty spaces?



(A) 8 (B) 12 (C) 16 (D) 24 (E) 32

(Que:48) 2023টি ক্রমিক পূর্ণসংখ্যার যোগফল 2023। তাহলে সেই সংখ্যাগুলোর মধ্যে সবচেয়ে বড় সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল কত?


The sum of 2023 consecutive integers is 2023. What is the sum of the digits of the largest of these numbers?

(Que:49) সমতল অবস্থিত একটি বর্গক্ষেত্রের প্রতি বাহুর দৈর্ঘ্য 1 সে.মি.। তাহলে ওই সমতল পৃষ্ঠে মোট কতগুলো বিন্দু আছে, যা বর্গক্ষেত্রের দুটি শীর্ষবিন্দু থেকে ঠিক 1 সে.মি. দূরে অবস্থিত?

The side length of a square located on a plane is 1 cm. Then, how many points are there on that plane that are exactly 1 cm away from two vertices of the square?

(Que:50) ABC সমদ্বিবাহু ত্রিভুজে  $\angle ABC = 40^\circ$ ।  $\angle EAB$  এবং  $\angle DCA$ , নির্দেশিত এ দুটি কোণই সমান। তাহলে  $\angle CFE$  কোণটি কত?

In isosceles triangle ABC,  $\angle ABC = 40^\circ$ .  $\angle EAB$  and  $\angle DCA$ , these two indicated angles are equal. Then what is the measure of angle  $\angle CFE$ ?



(Que:51) একটি পণ্যের মূল্য 20% শতাংশ হ্রাস করা হল। এখন আবার পূর্বের মূল্য নির্ধারণ করতে হলে বর্তমান মূল্য কত শতাংশ বাড়তে হবে?

After a price reduction of 20% an item has its price increased to its original value. What was the percent of the increase?

(Que:52) 4 টার সময় ঘড়ির কাঁটাগুলো পরস্পরের মধ্যে কত ডিগ্রী কোণ তৈরি করে ?

How many degrees are in the measure of the smaller angle that is formed by the hands of a clock when it is 4 o'clock?

(Que:53) পরবর্তী সংখ্যা কত?

2,5,10,17,26,37,50,65.....

What will be the next number?

2,5,10,17,26,37,50,65.....

(Que:54) গুন কর  $9995 \times 10005$


Multiply  $9995 \times 10005$

(Que:55) কিছু ছাগল এবং তিনটি গরু একটি বৃত্তাকার পথে দাঁড়িয়ে আছে। কোনো গরুই অন্য গরুর পাশে দাঁড়িয়ে নেই। তবে সর্বোচ্চ তিনটা ছাগল পাশাপাশি থাকতে পারে। সেখানে সর্বোচ্চ কত [truncated, likely 'ছাগল' or 'প্রাণী'] থাকতে পারে?

Some goats and three cows are standing in a circular path. No two cows are standing next to each other. However, a maximum of three goats can stand next to each other. What is the maximum number of [truncated, likely 'goats' or 'animals'] that can be there?

(Que:56) একটি পিঁপড়া একটি সমবাহু ত্রিভুজের পাশ দিয়ে হেঁটে যাচ্ছে। প্রথম দিকে এর বেগ ছিল 5 সে.মি./মিনিট, এরপর 15 সে.মি./মিনিট এবং শেষ দিকে 20 সে.মি./মিনিট লাগে। তাহলে পুরো ত্রিভুজটির চারপাশে একবার হেঁটে আসতে পিঁপড়াটির গড় বেগ কত হবে?

An ant is walking along the sides of an equilateral triangle. Initially, its speed was 5 cm/minute, then 15 cm/minute, and finally 20 cm/minute. So, what will be the average speed of the ant to walk once around the entire triangle?



(Que:57) দিয়াশলাইয়ের কাঠি ব্যবহার করে 0 থেকে 9 সংখ্যাগুলি তৈরি করা যেতে পারে। তাহলে 6টি দিয়াশলাইয়ের কাঠি দিয়ে এভাবে কয়টি ভিন্ন ধনাত্মক পূর্ণসংখ্যা তৈরি করা যায়?

Numbers from 0 to 9 can be formed using matchsticks. So, how many different positive integers can be formed using 6 matchsticks in this way?



(Que:58) যদি  $126 \times 126 = 7 \times 7 \times n^2$ , হয় তবে  $n = ?$

If  $126 \times 126 = 7 \times 7 \times n^2$ , find  $n$ .

(Que:59) একটি ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সেমি ও 14 সেমি। যদি এর পরিসীমা একটি পূর্ণ সংখ্যা হয় তাহলে সম্ভাব্য বৃহত্তম ও ক্ষুদ্রতম পরিসীমার মধ্যে পার্থক্য কত ?

The lengths of the sides of a triangle are 7 cm and 14 cm. If the number of centimeters in the perimeter is a whole number, what is the positive difference between the greatest and the least possible of perimeters?

(Que:60) জনি 150টি কয়েন টেবিলের ওপর ছুঁড়ে দিল। তার মধ্যে 80টি কয়েন 'হেড' পড়ল, বাকিগুলো 'টেল'। কিন্তু জনি চায়, 'হেড' ও 'টেল'-এর সংখ্যা সমান হোক। এজন্য তার কতগুলো 'হেড' পড়া কয়েন উলটে দিতে হবে?


John threw 150 coins on the table. Among them, 80 coins landed 'heads' and the rest 'tails'. But John wants the number of 'heads' and 'tails' to be equal. For this, how many 'heads' up coins does he need to flip?

(Que:61) রাসেল একটি পূর্ণ সংখ্যা থেকে অপর একটি পূর্ণ সংখ্যা বিয়োগ করে পেল 12 তম ঐ সংখ্যাদুটোকে গুন করে পেল 448। সংখ্যা দুটির যোগফল কত?

RaseI subtracted two positive numbers and the difference was 12. Toma multiplied the same two numbers and the product was 448 . What is the sum of the numbers?

(Que:62) তমা, জনি ও লিলি একটি তির নিষ্ক্ষেপ প্রতিযোগিতায় অংশ নিয়েছে। তারা প্রত্যেকেই নির্দিষ্ট একটি গোলক অংশ ও 5 বার করে তির নিষ্ক্ষেপ করেছে। গোলক অংশটির মাঝে আবার বেশ কয়েকটি অংশ রয়েছে, যেগুলো থেকে পয়েন্ট নির্ধারিত হয়। পাশের চিত্রে যা দেখা যাচ্ছে। তো সেই প্রতিযোগিতা শেষে দেখা গেল, তমা 46 পয়েন্ট এবং জনি 34 পয়েন্ট পেয়েছে। লিলি তাহলে কত পয়েন্ট পেয়েছিল?

Toma, John, and Lily participated in an archery competition. Each of them threw arrows 5 times at a specific target. The target has several sections from which points are determined, as shown in the adjacent figure. At the end of the competition, it was found that Toma scored 46 points and John scored 34 points. So, how many points did Lily score?




(Que:63) কোন সংখ্যা দ্বিগুন তার অর্ধেকের চেয়ে 33 বেশি?

There is a number whose double is greater than its half by 33. Find the number?

(Que:64) একটি ঘনকের কিছু ধার (Edge) লাল রঙে রঙ করা হয়, যাতে ঘনকের প্রতিটি তলে অন্তত একটি লাল Edge থাকে। ঘনকের ন্যূনতম কয়টি Edge লাল রঙ করে শর্তটি পূরণ সম্ভব?

Some edges of a cube are colored red such that each face of the cube has at least one red edge. What is the minimum number of edges that need to be colored red to satisfy this condition?




(Que:65) 1, 3, 7, 15, 30, 56, 98, ...এই ধারার পরবর্তী পদ কত?"

1, 3, 7, 15, 30, 56, 98, ... What is the next term in this sequence?

(Que:66) পাশের চিত্র, 5টি সমান আকারের অর্ধবৃত্ত এবং 2টি বৃত্তের দৈর্ঘ্য দেখা যাচ্ছে। এখানে একটি অর্ধবৃত্তের ব্যাসার্ধ কত?

The adjacent figure shows the lengths of 5 semi-circles of equal size and 2 circles. What is the radius of one semi-circle here?



(A) 12

(B) 16

(C) 18

(D) 22

(E) 36


(Que:67) যদি  $161 \times 161 = 7 \times 7 \times n^2$ , হয় তবে  $n = ?$

If  $161 \times 161 = 7 \times 7 \times n^2$ , find  $n$ .

(Que:68) চিত্রে চারটি গাড়ির শুরুর অবস্থান, দিক এবং 5 সেকেন্ডে তাদের অতিক্রান্ত দূরত্ব দেখানো হয়েছে। কোন দুটি গাড়ি প্রথম একে অপরের সাথে ধাক্কা খাবে?

The figure shows the starting position, direction, and distance covered in 5 seconds for four cars. Which two cars will collide with each other first?

(Que:68)



(Que:69) অরিনের 5টি গোল চাকতি আছে। সে এগুলো থেকে যেকোনো ৩টি দিয়ে একটি টাওয়ার বানাতে চায়। যেখানে একটা বড় চাকতির ওপর সব সময় একটি ছোট চাকতি রাখা হবে। এভাবে সাজালে কত উপায়ে টাওয়ার নির্মাণ করা সম্ভব?

Orin has 5 round discs. He wants to build a tower using any 3 of them. A smaller disc must always be placed on top of a larger disc. In how many ways can a tower be built this way?



(Que:70) ইভা পাশের চিত্রের খালি ঘরগুলোতে 1 থেকে 8 পর্যন্ত সংখ্যা এমনভাবে লিখতে চায়, যেন প্রতিটি সারির সংখ্যাগুলোর যোগফল সমান হয়। এবং প্রতিটি কলামের সংখ্যাগুলোর যোগফলও সমান হয়। সে ইতিমধ্যেই 3, 4 ও 8 - এই তিনটি সংখ্যা চিত্রের মতো লিখে ফেলেছে। এখন ছবির কালো ঘরে তাকে কোন সংখ্যাটি বসাতে হবে?

Eva wants to write numbers from 1 to 8 in the empty squares of the adjacent figure such that the sum of the numbers in each row is equal, and the sum of the numbers in each column is also equal. She has already written the numbers 3, 4, and 8 as shown in the figure. Now, which number should



she place in the black square?

(Que:71) একটি কোণের মান  $27 - n$  ডিগ্রি যেখানে একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা। ঐ কোণের সম্পূরক কোণের মান কত ডিগ্রি?

If an angle measures  $27 - n$  degrees and  $n$  is not equal to zero. What is the degree measure of the supplement of this angle?

(Que:72) একটি কাঠ একবার টুকরো করতে 1 মিনিট সময়ের প্রয়োজন হয়। 7 ফুট দৈর্ঘ্যের একটি কাঠের টুকরাকে সমান 7 ভাগে ভাগ করতে কত সময়ের প্রয়োজন হবে?

If it takes one minute to make a cut, how long will it take to cut a 7-foot pole into 7 equal pieces?

(Que:73) 20-তম মৌলিক সংখ্যা 71 হলে 28-তম মৌলিক সংখ্যা কত?

If the 20th prime number is 71, what is the 28th prime number?

(Que:74)  $6x + 10y = 21$  এবং  $10x + 6y = 91$ , হলে  $x + y$ -এর মান কত?


$6x + 10y = 21$  and  $10x + 6y = 91$ , what is the value of  $x + y$ ?

(Que:75) সবচেয়ে বেশি সংখ্যক কতটি ব্যাগে 13টি মার্বেল এমনভাবে রাখা যাবে যে, প্রতিটি ব্যাগে অবশ্যই কমপক্ষে 1টি করে মার্বেল থাকবে এবং কোনো দুটি ব্যাগে সমান সংখ্যক মার্বেল থাকবে না?

What is the greatest number of bags that can be used to hold 13 marbles if each bag must contain one marble but no two bags may contain the same number of marbles?

(Que:76) ছবির মতো ২টি ছিদ্রযুক্ত একটি কালো চাকতি একটি ঘড়ির ডায়ালের ওপরে এমনভাবে রাখা হলো, যেন যেকোনো একটি ছিদ্র দিয়ে ৪ সংখ্যাটি দেখা যায়। তাহলে অপর ছিদ্র দিয়ে কোন সংখ্যাগুলো দেখা যাবে?


A black disc with two holes, as shown in the figure, is placed on a clock dial such that the number 4 is visible through one hole. Which numbers will be visible through the other hole?





(Que:77) পাশের চিত্রে কিছু উল্লম্ব ও আনুভূমিক রেখা দ্বারা একটি গ্রিড তৈরি করা হয়েছে। নিচের কোনটি ওই গ্রিড এর অংশ?

In the adjacent figure, a grid is formed by some vertical and horizontal lines. Which of the following is a part of that grid?



(Que:78) একটি সামান্তরিক আকারের ঘনবস্তুর মোট কতটি কর্ণ থাকে?

How many diagonals does a parallelepiped have?

(Que:79) রাসেল একটি পূর্ণ সংখ্যা থেকে অপর একটি পূর্ণ সংখ্যা বিয়োগ করে পেল 12 তমা ঐ সংখ্যাদুটোকে গুন করে পেল 448। সংখ্যা দুটির যোগফল কত?

Rasel subtracted two positive numbers and the difference was 12. Toma multiplied the same two numbers and the product was 448. What is the sum of the numbers?

(Que:80)  $m$  আর  $n$  হচ্ছে এমন ধনাত্মক পূর্ণসংখ্যা যাতে  $1+2^m=n^2$  হয়।  $10m+n$ -এর সকল সম্ভাব্য মান এর যোগফল বের করো।

$m$  and  $n$  are positive integers such that  $1+2^m=n^2$ . Find the sum of all possible values of  $10m+n$ .

(Que:81) ABCD একটি আয়তক্ষেত্র। AD বাহুর মধ্যবিন্দু E এবং ED-এর মধ্যবিন্দু F। AB বাহুকে CE রেখা G বিন্দুতে এবং CD বাহুকে BF রেখা H বিন্দুতে ছেদ করে।  $\triangle BCG$  এবং  $\triangle BCH$ -এর ক্ষেত্রফলের অনুপাতকে যদি লঘিষ্ঠ আকারে  $\frac{m}{n}$  হিসেবে লেখা যায়, তবে  $10m+10n+mn$ -এর মান বের কর।

ABCD is a rectangle. E is the midpoint of side AD and F is the midpoint of ED. Line CE intersects side AB at point G and line BF intersects side CD at point H. If the ratio of the areas of  $\triangle BCG$  and  $\triangle BCH$  is written in simplest form as  $\frac{m}{n}$ , then find the value of  $10m+10n+mn$ .

(Que:82) পায়েলের কাছে দুইটা 20 তল বিশিষ্ট ছক্কা আছে। সে ছক্কা দুইটি চালে এবং চালের যোগফল নেয়। কোন সংখ্যাটি আসার সম্ভাবনা সব থেকে বেশি? (একটি 20 তল বিশিষ্ট ছক্কা হচ্ছে একটি পলিহেড্রন বা বহুতলক (ত্রিমাত্রিক বস্তু) যার 20 টি তল রয়েছে যেখানে তলগুলোতে 1 থেকে 20 পর্যন্ত সংখ্যা লেখা রয়েছে। প্রতি চালে প্রতিটি সংখ্যা উঠার সম্ভাবনা সমান)

Payel has two 20-sided dice. She rolls both dice and takes the sum of the rolls. Which sum is most likely to appear? (A 20-sided die is a polyhedron (3D object) with 20 faces, where the faces are numbered from 1 to 20. Each number has an equal probability of appearing on each roll.)

(Que:83) একটি সুডোকু টুর্নামেন্টে এ র‍্যাঙ্কিং এর শীর্ষে থাকা 10 জন প্লে-অফ ম্যাচ খেলো। র‍্যাঙ্কিংয়ের #10-এ থাকা অংশগ্রহণকারী #9-কে চ্যালেঞ্জ করে এবং যে হারে সে 10th প্রাইজ পায়, আর যে জিতে সে র‍্যাঙ্কিংয়ের #8-কে চ্যালেঞ্জ করে। এদের মধ্যে যে জিতে সে আবার #7-কে চ্যালেঞ্জ করে এবং যে হারে সে 9th প্রাইজ পায়। এভাবে সবচেয়ে কেট #1 কে চ্যালেঞ্জ করে, আর সে খেলায় যে জিতে, সে 1st প্রাইজ পায়। এই সুডোকু প্লে-অফ অংশগ্রহণকারীরা মোট কতভাবে প্রাইজ পেতে পারে?


In a Sudoku tournament, the top 10 ranked players play off. The participant ranked #10 challenges #9, and the one who loses gets the 10th prize, and the one who wins challenges #8. Among them, the one who wins again challenges #7, and the one who loses gets the 9th prize. This continues until the winner challenges #1, and the winner of that game gets the 1st prize. In how many total ways can these Sudoku playoff participants receive prizes?

(Que:84) প্রিমি এমন একটি রেস্টুরেন্টে এসেছে, যেখানে সে একটি খেলা খেলে আইসক্রিম পাবে। খেলাটা এমন যে, প্রিমিকে কাউন্টারে একটি ধনাত্মক পূর্ণসংখ্যা প্রদান করতে হবে। যদি প্রদত্ত সংখ্যাটি 7 দ্বারা বিভাজ্য হয়, তাহলে সে একটি আইসক্রিম পাবে। এরপর যন্ত্রটি ভাগফলটি প্রদান করে, যেন প্রিমি ভাগফলটিকে আবার ব্যবহার করতে পারে। এভাবে প্রিমি যতবার ইচ্ছা ভাগফলটিকে ব্যবহার করতে পারবে। তবে যদি যন্ত্র 7 দ্বারা বিভাজ্য নয়, এমন কোনো সংখ্যা প্রদান করা হয়, তাহলে যন্ত্রটি থেমে যায়। প্রিমি 2023-এর ফ্যাক্টোরিয়াল (2023!) প্রদান করল। সে কতটি আইসক্রিম পাবে?

Premi has come to a restaurant where she can get an ice cream by playing a game. The game is that Premi has to provide a positive integer to the counter. If the given number is divisible by 7, she gets an ice cream. Then the counter provides the quotient, and Premi can use that quotient again. Premi can use the quotient as many times as she wishes. However, if a number is provided that is not divisible by 7, the game stops. Premi provided the factorial of 2023 (2023!). How many ice creams will she get?

(Que:86) নিচের চিত্রে একটি বর্গক্ষেত্র আছে, যার বাহুর দৈর্ঘ্য 1 এক/ক। বর্গটির শীর্ষ এবং নিচের বাহুর মধ্যবিন্দু দিয়ে একটি বৃত্ত অঙ্কন করা হলো। তাহলে বৃত্তটির ব্যাসার্ধ কত?

In the figure below, there is a square with side length 1 unit. A circle is drawn through the vertex of the square and the midpoint of the bottom side. What is the radius of the circle?




(Que:87) 3baaa একটি 5 অঙ্কের সংখ্যা। সংখ্যাটি 36 ও 11 উভয় সংখ্যা দ্বারা বিভাজ্য। সংখ্যাটির সর্বোচ্চ মান কত হতে পারে?



3baaa is a 5-digit number. The number is divisible by both 36 and 11. What is the maximum possible value of the number?

(Que:88)  $ABC=DBC$  = সমবাহু ত্রিভুজ। চিত্র A ও D হলো দুটি চাপের কেন্দ্র।  $AB=6$ । ছায়াময় অংশের ক্ষেত্রফল বের করো। উত্তরটি  $a\pi-b\sqrt{c}$  -এর মতো হলে  $a+b+c$ -এর মাধ্যমে উত্তর দাও।

$ABC=DBC$  = equilateral triangle. Figure A and D are the centers of two arcs.  $AB=6$ . Find the area of the shaded region. If the answer is in the form  $a\pi-b\sqrt{c}$ , then give the answer in terms of  $a+b+c$ .




(Que:89) দুই জন বন্ধু একটি খেলা খেলছে। দুই জন দুইটি ভিন্ন সংখ্যা নিয়েছে। প্রথম বন্ধু তার কাছে থাকা সংখ্যাকে 2 দ্বারা গুণ করে 3 বিয়োগ করে। দ্বিতীয় বন্ধু তার কাছে থাকা সংখ্যাকে 3 দ্বারা গুণ করে 2 বিয়োগ করে। দুই জন বন্ধুই তিন ধাপ পরে খেলাটি খেলেন। তিন ধাপ পর তাদের কাছে থাকা সংখ্যা দুইটি সমান হয়। দুই বন্ধু প্রথমে নেওয়া সংখ্যা দুইটির পার্থক্য সর্বনিম্ন হতে হবে। দুই বন্ধুর প্রথমে নেওয়া সংখ্যা দুটির যোগফল কত?

Two friends are playing a game. Both friends have taken two different numbers. The first friend multiplies their number by 2 and subtracts 3. The second friend multiplies their number by 3 and subtracts 2. Both friends play the game for three steps. After three steps, their numbers become equal. The difference between the numbers initially taken by the two friends must be minimized. What is the sum of the numbers initially taken by the two friends?

(Que:90) প্রদত্ত চিত্রে  $AB=BC=CD=DE=EF=FG=GA$ , তাহলে  $\angle GHC$  (প্রায়)-এর মান বের করো।

In the given figure,  $AB=BC=CD=DE=EF=FG=GA$ , then find the value of  $\angle GHC$  (approx.).



(Que:91) যদি 3 থেকে 3072-এর মধ্যে 4টি গুণোত্তর ধারার মান বিদ্যমান থাকে, যার প্রথম পদ 3 ও পঞ্চম পদ 3072। মাঝের চারটি পদের সমষ্টি কত?

If there are 4 geometric means between 3 and 3072, where the first term is 3 and the fifth term is 3072. What is the sum of the middle four terms?

(Que:92) কোনো একটি ধনাত্মক বাস্তব সংখ্যার জন্য  $[x]$  হলো তার পূর্ণসাংখ্যিক অংশ। যেমন  $[3.14]=3$ ,  $[5]=5$ ,  $[6.9]=6$   $z$  হলো সবচেয়ে বড় বাস্তব সংখ্যা যার জন্য  $\left[\frac{3}{z}\right] + \left[\frac{4}{z}\right] = 5$  হয়  $21z$ -এর মান কত?

For any positive real number,  $[x]$  is its integer part. For example,  $[3.14]=3$ ,  $[5]=5$ ,  $[6.9]=6$ . Let  $z$  be the largest real number for which  $\left[\frac{3}{z}\right] + \left[\frac{4}{z}\right] = 5$ . What is the value of  $21z$ ?

(Que:93) ABCD একটি বর্গ। P বিন্দুটি বর্গের ভেতরে এমনভাবে অবস্থিত যে,  $AP+CP=27$ ,  $BP-DP=17$  এবং  $\angle DAP=\angle DCP$ । বর্গ ABCD এর ক্ষেত্রফল নির্ণয় করুন।

Point P lies inside square ABCD such that  $AP+CP=27$ ,  $BP-DP=17$  and  $\angle DAP=\angle DCP$ . Compute the area of the square ABCD.

(Que:94) তিশাম ছয় অঙ্কের একটি ধনাত্মক পূর্ণসংখ্যা PQRSTU বের করতে চাচ্ছে যেখানে (P,Q,R,S,T,U অঙ্ক ছয়টি অভিন্নও হতে পারে) যেখানে তিন অঙ্কের সংখ্যা PQR এবং অপর তিন অঙ্কের সংখ্যা STU-এর যোগফল 37 দ্বারা নিঃশেষে বিভাজ্য হয়। এক্ষেত্রে কতগুলো ভিন্ন ভিন্ন সংখ্যা তিশাম বের করতে পারবে?

(মনে রেখো, একটি ছয় অঙ্কের সংখ্যার প্রথম অঙ্ক 0 হতে পারে না!)

Tisham wants to find a six-digit positive integer PQRSTU where (P,Q,R,S,T,U can be identical digits) such that the sum of the three-digit number PQR and the other three-digit number STU is exactly divisible by 37. How many such different numbers can Tisham find?

(Remember, the first digit of a six-digit number cannot be 0!)

(Que:95) ABC ত্রিভুজে  $\angle B=50^\circ$  এবং  $\angle C=60^\circ$ । D, BC-এর মধ্যবিন্দু। ত্রিভুজ ABC-এর পরিবৃত্ত হল এমন একটি বৃত্ত যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু দিয়ে যায়। ACD এবং ABD-এর পরিবৃত্ত AB এবং AC-কে যথাক্রমে F এবং E বিন্দুতে ছেদ করে। AEF-এর পরিবৃত্তের কেন্দ্র O।  $\angle FDO=?$

In triangle ABC,  $\angle B=50^\circ$  and  $\angle C=60^\circ$ . D is the midpoint of BC. The circumcircle of triangle ABC is a circle that passes through the three vertices of the triangle. The circumcircles of ACD and ABD intersect AB and AC at points F and E respectively. O is the center of the circumcircle of AEF. Find  $\angle FDO$ .

(Que:96) যদি 3 থেকে 3072-এর মধ্যে 4টি গুণোত্তর ধারার মান বিদ্যমান থাকে, যার প্রথম পদ 3 ও পঞ্চম পদ 3072। মাঝের চারটি পদের সমষ্টি কত?


If there are 4 geometric means between 3 and 3072, where the first term is 3 and the fifth term is 3072. What is the sum of the middle four terms?

(Que:96) দুই বন্ধু দুইটি ভিন্ন সংখ্যা পছন্দ করল। দুই বন্ধু প্রতি ধাপে নিজের কাছে থাকা সংখ্যাকে 2 দ্বারা গুণ করে 3 যোগ করে। 11 ধাপ পরে তাদের কাছে থাকা সংখ্যা দুইটির বিয়োগফল 8192। দুই বন্ধুর প্রথমে পছন্দ করা সংখ্যা দুইটির পার্থক্য কত?

Two friends chose two different numbers. Each friend, in each step, multiplies their number by 2 and adds 3. After 11 steps, the difference between their numbers is 8192. What is the difference between the numbers initially chosen by the two friends?

(Que:97) ছবির বর্গ দুটির বাহুর দৈর্ঘ্য দুটি স্বাভাবিক সংখ্যা। তাদের ক্ষেত্রফলের সমষ্টি 160 বর্গমিটার। A এবং B বিন্দুর মাঝে দূরত্ব নির্ণয় করো।

The side lengths of the two squares in the figure are two natural numbers. The sum of their areas is 160 square meters. Find the distance between points A and



B.


(Que:98) দুই অঙ্কের কতগুলো ধনাত্মক পূর্ণসংখ্যা আছে যাদের অঙ্কগুলোর গড় একটি মৌলিক সংখ্যা?

যেমন, 51-এর অঙ্কগুলোর গড় 3, যা একটি মৌলিক সংখ্যা।

How many two-digit positive integers are there whose digits' average is a prime number? For example, the average of the digits of 51 is 3, which is a prime number.

(Que:98) ABFE একটি সামান্তরিক এবং BCDF একটি রম্বস। BCDF-এর পরিসীমা 20, ABCDE-এর ক্ষেত্রফল 50,  $AM = 4$  এবং  $FN = 24/5$ ।  $\triangle DEF$ -এর ক্ষেত্রফল বের করো।

ABFE is a parallelogram and BCDF is a rhombus. The perimeter of BCDF is 20, the area of ABCDE is 50,  $AM = 4$  and  $FN = \frac{24}{5}$ . Find the area of



$\triangle DEF$ .

(Que:99) মিরাজের কাছে 16 ক্ষেত্রফলবিশিষ্ট বড় বর্গক্ষেত্র আছে। সে চায় বর্গক্ষেত্রটি কিছু ছোট বর্গক্ষেত্র দিয়ে পূরণ করতে। ছোট বর্গক্ষেত্রগুলোর মোট ক্ষেত্রফল, বড় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল সমান। সে কতভাবে সেটা করতে পারবে? (এখানে, ছোট বর্গক্ষেত্রগুলো কীভাবে বা কী ক্রমে সাজানো আছে সেটা বিবেচনা নয়)

Miraj has a large square with an area of 16. He wants to fill this square with some smaller squares. The total area of the smaller squares is equal to the area of the large square. In how many ways can he do this? (Here, the arrangement or order of the smaller squares is not considered)

(Que:100) ইকড়ি, হালুম আর শিকু কিছু বল কিনল। তারা বলগুলো এমনভাবে ভাগ করল, যেখানে

- হালুমের কাছে শিকুর চাইতে 6টি বল বেশি আছে;
- শিকুর কাছে ইকড়ির চাইতে 16টি বল বেশি আছে;
- ইকড়ির কাছে হালুমের দ্বিগুণ বল আছে;

তারা কতগুলো বল কিনেছিল?

Ikri, Halum, and Shiku bought some balls. They divided the balls in such a way that –

- Halum has 6 more balls than Shiku;
- Shiku has 16 more balls than Ikri;
- Ikri has double the number of balls as Halum;

How many balls did they buy in total?

(Que:101) অনিন্দ্য এক সকালে তার বন্ধুদের জন্য কিছু ফল সংগ্রহ করতে বের হলো। তার সংগ্রহ করা ফল সে কিছু বন্ধুর মধ্যে সমানভাবে বন্টন করতে চায় এমন শর্তে যে, প্রত্যেক বন্ধু প্রাপ্ত ফল সংখ্যা এবং যতজন বন্ধুদের মধ্যে ফল বিতরণ করা হচ্ছে সেই সংখ্যা দুটি পরস্পর সমান হয়। অনিন্দ্যর সংগ্রহকৃত ফলসংখ্যা ১০০-এর বেশি নয়। অনিন্দ্য মোট কতটি ভিন্ন উপায়ে ফলগুলি সংগ্রহ করতে পারবে?

Anindya went out one morning to collect some fruits for his friends. He wants to distribute the collected fruits equally among some friends with the condition that the number of fruits each friend receives and the number of friends among whom the fruits are distributed are equal. The total number of fruits collected by Anindya is not more than 100. In how many different ways can Anindya collect the fruits?

(Que:102) দুই অঙ্কের কোন ধনাত্মক পূর্ণসংখ্যার অঙ্কগুলোর গুণফল 1?

For which two-digit positive integer is the product of its digits 1?

(Que:103) যদি কোনো সংখ্যার উৎপাদকগুলোর যোগফল সেই সংখ্যা থেকে 1 বেশি হয়, তাহলে তাকে নিখুঁত সংখ্যা বলে। তোমার কাছে প্রশ্ন হচ্ছে, 1 থেকে 100 পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে কতটি নিখুঁত সংখ্যা রয়েছে?

If the sum of the divisors of a number is 1 more than the number itself, then it is called a perfect number. Your question is, how many perfect numbers are there among the numbers from 1 to 100?

(Que:104) একটি বৃত্তের ক্ষেত্রফল এবং পরিসীমার যোগফল  $120\pi$  হলে, বৃত্তটির ব্যাস কত?

